সংবাদ

তারিখ 27 AUG 2009
পৃষ্ঠা ... কলাম ... ৪

# মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের কম্পিউটার প্রশিক্ষণ দেবে মাইক্রোসফট

সারা দেশের সরকারি ও নির্বাচিত বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের এডভান্স কম্পিউটার প্রশিক্ষণ দেবে মাইক্রোসফট বাংলাদেশ। গত বুধবার শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে মাইক্রোসফট বাংলাদেশ এবং শিক্ষা মন্ত্রণালয়ের মধ্যে এ সংক্রান্ত একটি চুক্তি হয়েছে। চুক্তি অনুযায়ী এ বছর থেকে ২০১৩ সালের ২৮ জুন পর্যন্ত পর্যাক্রমে এ প্রশিক্ষণ চলবে। মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের এডভান্স কম্পিউটার সম্পর্কে ধারণা ও হাতে-কলমে কিছু প্রশিক্ষণ দেয়া হবে। শিক্ষা মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব উজ্জ্বল বিকাশ দত্ত এবং মাইক্রোসফট বাংলাদেশের কান্ট্রি ম্যানেজার ফিরোজ মাহমুদ নিজ নিজ পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। এ সময় শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদসহ মন্ত্রণালয়ের উর্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ২০০৫ সালের ৫ ডিসেম্বর মাইক্রোসফটের স্বত্বাধিকারী বিল গেটস বাংলাদেশ সফরকালে অপর এক চুক্তির অধীনে মাইক্রোসফট বাংলাদেশ দেশের আট হাজারের অধিক শিক্ষককে দুই সপ্তাহব্যাপী বেসিক কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করেছে। এবারের প্রশিক্ষণে ওই সব শিক্ষক ছাড়া মাধ্যমিক স্তরের অন্য শিক্ষককে প্রশিক্ষণের আওতায় আনা হবে। শিক্ষামন্ত্রী দেশের মাধ্যমিক স্তরের শিক্ষকদের কম্পিউটার প্রশিক্ষণে এগিয়ে আসার জন্য মাইক্রোসফট বাংলাদেশকে ধন্যবাদ জানান। তিনি বলেন, সরকার দেশী-বিদেশী বেসরকারি উদ্যোক্তাদের শিক্ষাব্যবস্থাকে তথ্য প্রযুক্তিনির্ভর করতে সহায়তাকে স্বাগত জানাবে। তিনি মাইক্রোসফট বাংলাদেশসহ সংশ্লিষ্ট সবাইকে এ ব্যাপারে এগিয়ে আসার আহ্বান জানান। সংবাদ বিজ্ঞপ্তি।